তারিখ 27 MAR 2016
পৃষ্ঠা 8 কলাম 8

সংবাদ

# সিলেটে ছাত্রলীগের কমিটি স্থগিত

প্রতিনিধি, সিলেট

বার বার বিতর্কিত ঘটনার জন্ম দেয়ার কারণে স্থগিত করা হয়েছে সিলেট জেলা ছাত্রলীগের কমিটি। একের পর এক আলোচিত-সমালোচিত ঘটনার পর সর্বশেষ শুক্রবারও নগরীর টিলাগড়ে ব্যবসা প্রতিষ্ঠানে হামলা, ভাঙচুরের ঘটনা ঘটে। আর এ ঘটনার পরপরই কেন্দ্র থেকে স্থগিতাদেশ নেমে আসে জেলা ছাত্রলীগের কার্যক্রমের উপর। এ স্থগিতাদেশ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বহাল থাকবে।

সিলেটের ছাত্র রাজনীতিতে টিলাগড় এলাকার বিশেষ পরিচিতি রয়েছে। ওই এলাকায় গড়ে ওঠেছে ছাত্রলীগের শক্তিশালী একাধিক বলয়। আর এসব বলয়ের সৃষ্টি ও শক্ত অবস্থান হয়েছে মূলত ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান এম.সি কলেজ ও সিলেট সরকারি কলেজকে কেন্দ্র করে। গ্রুপিং-কোন্দল, প্রভাব-দখলসহ বিভিন্ন কারণে প্রায় সময়ই টিলাগড়ে মুখোমুখি হয় রাজনৈতিক দলের ছাত্রসং নগুলোর নেতাকর্মীরা। ঘটে রক্তক্ষয়ী সংঘর্ষের ঘটনাও।

সিলেটের বিভিন্ন এলাকায় ছাত্র গের সংগঠনবিরোধী ঘটনা ঘটলেও এসবের বেশিরভাগই ঘটে নগরীর টিলাগড় এলাকায়। আর টিলাগড়কেন্দ্রিক বেশ ক'টি ঘটনার কারণেই সিলেট জেলা ছাত্রলীগ সমালোচিত হয়েছে দফায় দফায়।

সম্প্রতি বেশ ক'টি বিতর্কিত আর সংগঠনবিরোধী ঘটনা ঘটেছে টিলাগড়ে। দিনদুপুরে মারামারি, গোলাগুলি, অস্ত্রের প্রদর্শন, ব্যবসা প্রতিষ্ঠানে হামলাসহ একের পর এক অপ্রীতিকর ঘটনা ঘটে। এমনকি টিলাগড়েই দু'গ্রুপের এক সংঘর্ষের ঘটনায় আহত হন জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রায়হান চৌধুরী। এ ঘটনায় টিলাগড়ের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত জেলা ছাত্রলীগের তিন নেতাকে সাময়িক বহিষ্কারও করা হয়।

ঐতিহ্যবাহী এমসি কলেজেও অতিসম্প্রতি দিনদুপুরে ছাত্রলীগের প্রকাশ্য অস্ত্রবাজি ও কর্মীদের হামলা-পাল্টাহামলার ঘটনা ঘটে। এতে আহতও হয় অনেকে। এ ঘটনার তদন্তে কেন্দ্রীয় ছাত্রলীগের কয়েকজন একটি প্রতিনিধিদল সিলেট আসে। ঘটনার ব্যাপারে এমসি কলেজ কর্তৃপক্ষ ও ছাত্রলীগ নেতাকর্মীসহ বিভিন্ন মহলের সঙ্গে কথা বলে প্রতিনিধি দলের সদস্যরা ঢাকায় যান। তাদের তদন্তে ওঠে আসে টিলাগড়ে সংঘটিত একের পর এক বিতর্কিত ঘটনার সঙ্গে জড়িত বেশ কয়েকজন ছাত্রলীগ নেতার নাম- যারা জেলা ছাত্রলীগের গুরুত্বপূর্ণ বিভিন্ন পদে রয়েছেন। কমিটি স্থগিত হওয়ার কারণ সম্পর্কে ছাত্রলীগের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক জাকির হোসেন বলেন, সাম্প্রতিক সময়ে সিলেট জেলা ছাত্রলীগ নানান সংগঠনবিরোধী কর্মকাণ্ড জড়িয়ে পড়েছিল। এর প্রেক্ষিতে কমিটি স্থগিত করা হয়েছে।